তারিখ 23 MAY 2015
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# সিলেটে অধ্যাপক জাফর ইকবালের বিরুদ্ধে মৌলবাদীদের মিছিল

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের বিরুদ্ধে শুক্রবার বিকেলে মিছিল করেছে মৌলবাদীরা। আছরের নামাজের পর খেলাফত মজলিস নামের একটি সংগঠন এ মিছিল বের করে। মিছিলটি বন্দরবাজার থেকে জিন্দাবাজার হয়ে চৌহাট্টা গিয়ে শেষ হয়। মিছিলকারীরা 'জাফর ইকবাল ব্লগার, এই মুহূর্তে বাংলা ছাড়' স্লোগান দেয়।